

বিষয়: আন্তর্জাতিক বিষয়াবলি

বিষয় কোড: ০০৭

নির্ধারিত সময় - ৩ ঘণ্টা

পূর্ণমান - ১০০

[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

১। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন:

৪×১০=৪০

- (ক) জেনেভা কনভেনশন কী? এটা কেন গুরুত্বপূর্ণ?
- (খ) আন্তর্জাতিক রাজনীতিতে ‘পঞ্চ চক্ষু’ (Five Eyes)-এর ভূমিকা কী?
- (গ) নমনীয় (concessional) এবং অনমনীয় (non-concessional) ঋণের পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা করুন।
- (ঘ) ‘আরব বসন্তের’ মূল কারণসমূহ ব্যাখ্যা করুন।
- (ঙ) জি-২০ (G-20) এবং ব্রিকস (BRICS) জোটের মধ্যে পার্থক্য কী?
- (চ) ইন্দো-প্যাসিফিক অঞ্চলে শান্তি ও নিরাপত্তার চ্যালেঞ্জ এবং সম্ভাবনা বিশ্লেষণ করুন।
- (ছ) আন্তর্জাতিক নিরাপত্তার উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব আলোচনা করুন।
- (জ) বর্তমান বিশ্ব ব্যবস্থায় উন্নয়নশীল দেশসমূহের জন্য সার্বভৌমত্বের প্রধান চ্যালেঞ্জসমূহ কী কী?
- (ঝ) সাইবার যুদ্ধ (Cyber Warfare) এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence) কীভাবে আন্তর্জাতিক সম্পর্কে প্রভাব বিস্তার করতে পারে ব্যাখ্যা করুন।
- (ঞ) পারমাণবিক জ্বালানীর শান্তিপূর্ণ ব্যবহারের জন্য দায়িত্বপ্রাপ্ত আন্তর্জাতিক সংস্থার কার্যাবলি আলোচনা করুন।

২। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন:

১৫×৩=৪৫

- (ক) বিশ্বশান্তি রক্ষায় জাতিসংঘের ভূমিকা বিশ্লেষণ করুন। শান্তি রক্ষার ক্ষেত্রে জাতিসংঘের প্রধান চ্যালেঞ্জসমূহ বর্ণনা করুন।
- (খ) “শুধুমাত্র যুক্তরাষ্ট্র, প্যালেস্টাইন এবং ইসরাইলকে বৃহত্তর বিপর্যয় থেকে রক্ষা করতে পারে” আপনি কি এ বক্তব্যের সাথে একমত? প্যালেস্টাইন-ইসরাইল সংঘাতের টেকসই সমাধানে কী কী পদক্ষেপ নেয়া প্রয়োজন বলে আপনি মনে করেন?
- (গ) বিশ্বের বিভিন্ন আঞ্চলিক সংঘর্ষ (Regional conflict)-এর কারণে বাস্তুচ্যুত জনগোষ্ঠী (Displaced population) ও উদ্বাস্ত সমস্যা (Refugee crisis) নিয়ে আলোচনা করুন। আন্তর্জাতিক ব্যবস্থা এবং বিশ্ব নিরাপত্তায় এর প্রভাব বর্ণনা করুন।

৩। নিম্নলিখিত প্রশ্নটির উত্তর দিন:

১৫×১=১৫

গত এক দশকের অর্থনৈতিক উন্নয়ন বাংলাদেশকে সকল উন্নয়নশীল দেশের রোল মডেলে পরিণত করেছে। টেকসই উন্নয়ন নিশ্চিত করে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশের কাতারে নিয়ে যাওয়া এখন প্রধান লক্ষ্য। এ লক্ষ্যে কীভাবে বাংলাদেশ বৈশ্বিক সুযোগসমূহ কাজে লাগাতে পারে। — ব্যাখ্যা করুন।